জরুরী গাইড
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

১০ / ৬০৯ aamaarshahor.com
মালদা ২১ আশ্বিন, ১৪৩৩ শুক্রবার, ৯ অক্টোবর, ২০২৬ ২৪ বর্ষ ১৩ তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য
বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

বিদ্যাসাগর
আদর্শ ও তাঁর অবদান

সালটা ১৮৫৩। হুগলী বর্ধমান সীমান্ত অঞ্চলে দশঘরার কাছে এক অভিজাত বাড়ি। বেলা ১১টা হবে। ঘরের মধ্যে আয়োজন করা হয়েছে এক আলোচনা সভার। পাড়ার গন্যমান্য ব্যক্তিরা উপস্থিত, রয়েছেন গৃহকর্তা স্বয়ং। জলখাবারে লুচি ছোলার ডাল নানা মিষ্টি পরিবেশিত হচ্ছে। সুখাদ্যের সুঘ্রানে ঘর মাতোয়ারা। আহার সমাপনে হবে আলোচনা। বিষয়বস্তু একটি বিদ্যালয় প্রতিষ্ঠা যাতে মেয়েদের জন্যও শিক্ষার সুযোগ থাকবে। গৃহকর্তা উদার মানসিকতা সম্পন্ন। তিনি খুবই উদ্যোগী এই ব্যাপারে। কিন্তু গ্রামের মানুষেরা মেয়েদের বাইরে আসতে দিতে নারাজ। জমিদার বাবুর মুখ। আস্তে করে বলেন, 'এখানে সভা চলছে মা, তুমি ঘরে যাও।' করুন দৃষ্টিতে সকলের পাতের দিকে তাকিয়ে বিফল মুখে ভেতরের ঘরে ঢুকে যায় একরত্তি অভাগা মেয়েটি। আর তার পরেই রূপোর থালা বাটিতে বিদ্যাসাগর মহাশয়ের জন্য সুখাদ্য সাজিয়ে ঘরে আসে বামুন ঠাকুর। বিদ্যাসাগর বলেন, 'শরীরটা ঠিক নেই, আমি খাবোনা কিছু। নিয়ে যাও।'

বামুন ঠাকুর নিয়ে যান থালা ধরে। গৃহকর্তার অনুরোধ উপরোধেও দাঁতে কাটেন না কিচ্ছু।

শুরু হয় সভা। গ্রামের মানুষদের কাছে প্রথমেই তিনি তুলে ধরেন নারী



তাই আজ তিনি বিদ্যাসাগর মহাশয়কে আমন্ত্রন জানিয়ে এনেছেন মানুষকে বোঝানোর জন্য। চলছে তারই প্রস্তুতি।

এমন সময় একটি সাদা থান পড়া ছোট্ট ৬/৭ বছরের মেয়ে দৌড়ে এলো ঘরে।

"বাবা বাবা, মা কে বলোনা, আমার খুব খিদে পেয়েছে। দাদারা লুচি খাচ্ছে, আর আমি চাইলেই মা বলছে, 'ছিঃ আজ একাদশী না। খাবার কথা বলতে নেই মা।" কিন্তু বাবা,আমি সকাল থেকে কিচ্ছু খাইনি। একটু জল পর্যন্ত না। তুমি, মা, দাদারা কেউ একাদশী করোনা। আমায় কেন করতে হবে! আমার বুঝি খিদে পায়না?'

সকলের সামনে লজ্জায়, আর মেয়ের প্রতি মায়ায় করুন হয়ে ওঠে শিক্ষার প্রয়োজনীয়তার কথা। সমাজে নারীদের অবদানের কথা। ইতিহাসের পাতা থেকে তুলে ধরেন পশুপালন, কৃষিকাজ সবকিছুরই সূত্রপাত নারীদের হাত ধরে, সেই অমুল্য তথ্য। এক এক করে বলে চলেন ইউরোপে কিভাবে শিক্ষিত নারীরা বিপ্লবে, সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে তার উদাহরন। জোরালো আপত্তি ওঠে গ্রামের মানুষগুলির কাছ থেকে। ইউরোপের কথা বাদ দিন, আমাদের ধর্মে সমাজে নারীদের বাইরে বেরনো, শিক্ষা নেওয়া পাপ। ব্রহ্মাস্ত্র ছাড়েন বিদ্যাসাগর। কালিদাস কার বরপুত্র? শিক্ষার জন্য আমরা কার কাছে প্রার্থনা করি? দেবী সরস্বতী, তিনি একজন নারী। এর পরেও বলবেন পাপ?তারপর বেদের পাতা থেকে (এরপর ২-এর পাতায়)

মালদা জেলা থেকে সূর্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী
অক্টোবর - নভেম্বর : ২০২৬

তারিখ	সূর্যোদয়	সূর্যাস্ত
04.10.2026	05:30 ↑ (115°)	17:21 ↑ (245°)
05.10.2026	05:31 ↑ (115°)	17:20 ↑ (245°)
06.10.2026	05:31 ↑ (115°)	17:19 ↑ (245°)
07.10.2026	05:31 ↑ (115°)	17:18 ↑ (245°)
08.10.2026	05:32 ↑ (115°)	17:17 ↑ (245°)
09.10.2026	05:32 ↑ (115°)	17:16 ↑ (245°)
10.10.2026	05:33 ↑ (115°)	17:15 ↑ (245°)
11.10.2026	05:33 ↑ (115°)	17:14 ↑ (245°)
12.10.2026	05:34 ↑ (115°)	17:13 ↑ (245°)
13.10.2026	05:34 ↑ (115°)	17:12 ↑ (245°)
14.10.2026	05:35 ↑ (115°)	17:11 ↑ (245°)
15.10.2026	05:35 ↑ (115°)	17:10 ↑ (245°)
16.10.2026	05:35 ↑ (115°)	17:09 ↑ (245°)
17.10.2026	05:36 ↑ (115°)	17:08 ↑ (245°)
18.10.2026	05:36 ↑ (115°)	17:08 ↑ (245°)
19.10.2026	05:37 ↑ (115°)	17:07 ↑ (245°)
20.10.2026	05:37 ↑ (115°)	17:06 ↑ (245°)
21.10.2026	05:38 ↑ (115°)	17:05 ↑ (245°)
22.10.2026	05:39 ↑ (115°)	17:04 ↑ (245°)
23.10.2026	05:39 ↑ (115°)	17:03 ↑ (245°)
24.10.2026	05:40 ↑ (115°)	17:02 ↑ (245°)
25.10.2026	05:40 ↑ (115°)	17:02 ↑ (245°)
26.10.2026	05:41 ↑ (115°)	17:01 ↑ (245°)
27.10.2026	05:41 ↑ (115°)	17:00 ↑ (245°)
28.10.2026	05:42 ↑ (115°)	16:59 ↑ (245°)
29.10.2026	05:42 ↑ (115°)	16:59 ↑ (245°)
30.10.2026	05:43 ↑ (115°)	16:58 ↑ (245°)
31.10.2026	05:44 ↑ (115°)	16:57 ↑ (245°)
01.11.2026	05:44 ↑ (115°)	16:57 ↑ (245°)
02.11.2026	05:45 ↑ (115°)	16:56 ↑ (245°)
03.11.2026	05:45 ↑ (115°)	16:55 ↑ (245°)
04.11.2026	05:46 ↑ (115°)	16:55 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

PAN সমস্যা ও সমাধান

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে প্যান কার্ড সংক্রান্ত সকল ধরনের কাজ দ্রুত, নির্ভুল ও ঝামেলা-মুক্তভাবে সম্পন্ন করা হয়।

আমাদের সেবাসমূহ —

- প্যান কার্ড Description Letter
- PAN Card Correction (সংশোধন)
- নাম (Name) সংশোধন
- পিতার নাম (Father's Name) সংশোধন
- জন্মতারিখ (Date of Birth) সংশোধন
- পুনরায় প্যান কার্ড (Reprint / Replacement)
- প্যান কার্ড সংক্রান্ত অন্যান্য সকল পরিষেবা

যে কোনো কাজ করার আগে প্রয়োজনীয় তথ্য ও ডকুমেন্ট যাচাই করে তারপর আবেদন করা হয়।

পুজোর মুখে
মালদহ জেলা পুলিশে রদবদল

পুজোর মুখে মালদহ জেলা পুলিশে ফের রদবদল। জেলার একাধিক পুলিশ আধিকারিককে বিভিন্ন থানা ও ইউনিটে বদলির নির্দেশ দেওয়া হয়েছে। এরই মধ্যে হবিবপুর থানাতেও এসআই (ইউবি) পদে পরিবর্তন হয়েছে বলে জানা গিয়েছে। পুজোর আগে জেলার বিভিন্ন থানায় এই প্রশাসনিক রদবদলকে ঘিরে পুলিশ মহলে তৎপরতা শুরু হয়েছে। তবে হবিবপুর থানায় পুরনো এসআই (ইউবি)-র পরিবর্তে নতুন করে কে দায়িত্ব নিচ্ছেন।

বেকারত্বের রোগমুক্তির সেরা উপায়
এমএলটি কোর্স

স্বাস্থ্য পরিষেবার প্রযুক্তিগত পড়াশোনা নিয়ে আগ্রহীদের জন্য বিএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি একটি আদর্শ কোর্স। এটি ডায়াগনস্টিক পরিষেবার মেরুদণ্ড বিএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি চার বছরের একটি স্নাতক কোর্স। যা রোগ নির্ণয়, চিকিৎসা এবং রোগ প্রতিরোধের জন্য নানা ধরনের পরীক্ষা নিয়ে প্রশিক্ষণ দেয়। এই কোর্সে ক্লিনিক্যাল বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, প্যাথোলজি, ইমিউনোলজি এবং হেমাটোলজির মতো বিষয়গুলি শেখানো হয়। পড়ুয়ারা আধুনিক ল্যাবরেটরি (এরপর ৩-এর পাতায়)





কেন্দ্রীয় সরকারি চাকরি পান এসএসসি পরীক্ষা দিয়ে

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রশাসনিক বিভাগ, মন্ত্রণালয় এবং অফিসগুলিতে বিভিন্ন শূন্যপদে নিয়োগের জন্য সিএইচএসএল পরীক্ষা পরিচালনা করে স্টাফ সিলেকশন কমিশন। গ্রুপ সি ক্যাটিগরিতে নিয়োগের জন্য এই পরীক্ষা পরিচালনা করা হয়। এটি দ্বাদশ শ্রেণির বোর্ডের পরীক্ষা পাশ করা প্রার্থীদের মধ্যে সবচেয়ে জনপ্রিয় সরকারি পরীক্ষাগুলির মধ্যে একটি। এই চাকরিতে রয়েছে নিরাপত্তা, উপযুক্ত বেতন এবং দীর্ঘমেয়াদী কর্মজীবনের অগ্রগতির নিশ্চয়তা। এই পরীক্ষার মাধ্যমে নির্বাচিত প্রার্থীদের লোয়ার ডিভিশন ক্লার্ক, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট, ডাক সহকারী, সর্টিং অ্যাসিস্ট্যান্ট এবং ডেটা এন্ট্রি অপারেটর-এর মতো পদে নিয়োগ করা হয়। এই পদগুলিতে কাঠামোগত বেতন স্কেল এবং সরকারি নিয়ম অনুসারে বেশ কয়েকটি ভাতা অন্তর্ভুক্ত থাকে। আর্থিক সুবিধা ছাড়াও, এসএসসি সিএইচএসএল পরীক্ষার মাধ্যমে পাওয়া চাকরিগুলি একটি স্থিতিশীল কাজের পরিবেশ এবং বিভাগীয় পরীক্ষার মাধ্যমে যোগ্য কর্মীদের পদোন্নতির সুযোগ প্রদান করে।

এসএসসি সিএইচএসএল ২০২৬ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ ৭ই সেপ্টেম্বর, ২০২৬ আবেদনের শেষ তারিখ ৭ই অক্টোবর, ২০২৬ সম্ভাব্য শূন্যপদ প্রায় ২, ৫৩৬টি রয়েছে।

বেতন কাঠামো ঃ লোয়ার ডিভিশন ক্লার্ক এবং জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেতন কাঠামো পে লেভেল-২ অর্থাৎ মূল বেতন ১৯,৯০০ টাকা থেকে ৬৩,২০০ টাকা। ডেটা এন্ট্রি অপারেটর পদে পে লেভেল-৪ ও পে লেভেন-৫ মূল বেতন ২৫,৫০০ থেকে ৯২,৩০০ পর্যন্ত-এর সঙ্গে অতিরিক্ত আর্থিক সুবিধা হিসেবে মহার্ঘ ভাতা (ঙ্গঙ), বাড়ি ভাড়া ভাতা (ছট্টঙ) এবং অন্যান্য সুযোগ সুবিধা পাওয়া যায়। (এরপর ৪-এর পাতায়)

কূটনীতি, রাজনীতি, বন্ধুত্ব ও সংঘাত নিয়ে কোর্স IR

আন্তজাতিক সম্পর্কে (আই আর) নিয়ে পড়াশোনা এবং ডিগ্রি উচ্চ শিক্ষা, গবেষণা, সরকারি ও বেসরকারি চাকরি পাওয়ার নানা পথ দেখায়। পাওয়া যায় সমীহ করার মতো ডেজিগনেশনও আন্তর্জাতিক সম্পর্ক (আইআর) হলো রাষ্ট্র এবং আন্তর্জাতিক সংস্থা, বহুজাতিক সংস্থা, বেসরকারি সংস্থাগুলির মধ্যে রাজনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক, সামাজিক, সাংস্কৃতিক সম্পর্কের নানা স্তর নিয়ে অধ্যয়ন।

যোগ্যতা ঃ স্নাতক স্তর পড়ুয়াদের উচ্চ মাধ্যমিক (১০+২) উত্তীর্ণ হতে হবে। অনেক বিশ্ববিদ্যালয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে আইআর প্রোগ্রামে ভর্তি করে।

স্নাতকোত্তর কোনও একক ডিগ্রি থাকতে হবে পলিটিক্যাল সায়েন্স, ইতিহাস, অর্থনীতি, সোশিওলজির মতো সাবজেক্টে ডিগ্রি থাকলে ভালো হয়। কিছু বিশ্ববিদ্যালয় প্রবেশিকার পরীক্ষা নেয়।

ডিপ্লোমা, সার্টিফিকেট কোর্স ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠান আন্তর্জাতিক সম্পর্কের উপর সংক্ষিপ্ত ডিপ্লোমা এবং (এরপর ৩-এর পাতায়)

দেখছি যেমন আরশিতে

অভাবী বৈভব

দেবীকে রেখেই শরৎ বিদায় হেমন্ত মাঠে,
আকাশের মেঘ অঞ্জলি দেয় হিম-অরণ্যে,
সারারাত ধরে শিউলি-কাশেরা শিশিরের ঘাটে,
বছরের পরে বাপের বাড়িতে এসেছে কন্যে।
অর্ধ পোশাকে অষ্টমীচাঁদ পদ্ম সাজায়–
ঢাকে ঢাকা পড়ে যন্ত্রণাতান বৃষ্টিবিলাসে,
পথের দুর্গা খিদের শরীরে কাঁসর বাজায়,
বৈভব এসে সন্ধিধুলোয় অভাবের পাশে।

বিনয় বহাল থাক

আলো নিভিয়ে দিলে যদি হোঁচট খাই তাই
মঞ্চে দাঁড়াই না, নাটকেও যাই না আর,
কুশীলব কে যাবে– সংলাপে আছে লেখাই,
অভিনয় করতে খোলা হয় উৎসদ্বার।
বাইরে কড়া রোদ কিংবা চাঁদকণা ঝরে,
আলো-কে এক পল আড়ি দিতে পারি না আমি,
সুশ্রী অন্তর, রং মাখি না সাজঘরে–
অভিনয় তো নয়, বিনয় চিরকাল দামি।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

● মাহিষ্য 32/5'3'' স্নাতক, সুশ্রী পাত্রীর (গালে অল্প শ্বেতী) জন্য সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 96148 68917. NP-0584

● কায়স্থ, লাহা 26+/5'3'' B.Tech., কর্মরতা, ফর্সা, সুশ্রী পাত্রীর জন্য উপযুক্ত শিক্ষিত, সরকারী চাকুরে পাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 9734182101. NP-0596

● পূঃবঃ বৈশ্য সাহা 35/5'3'' স্কুল শিক্ষিকা (H.S.) পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র চাই (মালদা)। M - 9851146026. NP-0517

● বৈদ্য 29/5'7'' মাস্টার ডিগ্রি (বোটানি), B.Ed., উজ্জ্বল শ্যামবর্ণা পাত্রীর জন্য সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। মালদা অগ্রগণ্য। M - 8436456993. NP-0562

● বৈশ্য সাহা 34/5'4'' M.A., B.Ed., মালদা, H.S. শিক্ষিকা (স্থায়ী) পাত্রীর সঃ চাকুরে / প্রতিষ্ঠিত পাত্র কাম্য। M - 95475 34931. NP-0409

● বর্মন 31+/5' ফর্সা, সুশ্রী, সিভিল ইঞ্জিঃ, মালদা নিবাসী পাত্রীর সঃ চাঃ / ব্যবসা উপযুক্ত পাত্র কাম্য। M - 8759007708. NP-0427

কায়স্থ 31+/5' B.Sc., Math. (Hons.), CU, B.Ed., একমাত্র কন্যার জন্য সরকারী চাকুরে ছোট পরিবারের পাত্র কাম্য। M - 98001 69893. NP-0532

হরিশ্চন্দ্রপুর নিবাসী, প্রতিষ্ঠিত ব্যবসায়ী পিতার একমাত্র কন্যা 29/5'4'' M.A. (Eng.), উজ্জ্বল শ্যামবর্ণা পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র কাম্য। M - 86709 11851 / 89180 62940. NP-0542

পাত্রী চাই ● 40 বছর বয়সী হিন্দু, জেনারেল, লম্বা, সরকারি চাকুরীরত (গ্রেড - বি) পাত্রের জন্য সুপাত্রী চাই। M - 9563362908. NP-0604

পাত্রী চাই

● ঘোষ 34/5'6'' M.A., B.Ed., ব্যবসায়ী পাত্রের জন্য 25 অনূর্ধ্ব পাত্রী কাম্য। নিরামিষভোজী অগ্রগণ্য। M- 9002724383. NP-0560

● বৈশ্য সাহা, Gen. 5'5'' মালদা নিবাসী সরকারী চাকুরে পাত্রের 35 - 43 মধ্যে সরকারী চাকুরীজীবি পাত্রী চাই। M - 9232 747791. NP-0597

● ঘোষ, কায়স্থ 32/5'3'' বি.টেক. ইলেক্ট্রিক্যালস, নিজ ব্যবসা, একমাত্র পুত্রের জন্য স্নাতক, সুন্দরী, ঘরোয়া, সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। M - 9475096077. NP-0563

● ব্রাহ্মণ 38/5'4'' মালদা নিবাসী স্কুল শিক্ষক, একমাত্র পুত্রের জন্য স্নাতকোত্তর সুপাত্রী (সরকারী চাকুরীরতা অগ্রগণ্য) কাম্য। মাঙ্গলিক / মাঙ্গলিক নয় উভয় প্রযোজ্য। M - 7865833334. NP-0582

● কুন্ডু 34/5'5'' সরকারী চাকুরে (গ্রাম পঞ্চায়েত সেক্রেটারী) পাত্রের ঘরোয়া, ফর্সা, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 8972726348 / 9475392059. NP-0493

● Gen., 31+ বিটেক, ভাল আয় ব্যবসায়ী পাত্রের জন্য যোগ্য পাত্রী কাম্য। কর্মরতা অগ্রগণ্য। শীঘ্র বিবাহ। M - 9474343839. NP-0531

● বৈশ্য সাহা 35+/5'7'' B.Tech. (Comp. Sc.), রেল দপ্তরে Tech. Gr. - D পদে (বর্তমানে অফিসে Comp.-এ কর্মরত)। মা - বাবা রাজ্য সরকারের Pensioner। শিক্ষিতা, সুশ্রী, গৌরবর্ণা, 28 - 31 মধ্যে চাকুরীরতা পাত্রী অগ্রগণ্য। M - 9475309781. NP-0571

দাস, মালদা শহর 35/5'7'' নিজস্ব ব্যবসা, ফর্সা, সুদর্শন, ভদ্র ও শিক্ষিত, B.Sc. (Math.) পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা ও উপযুক্ত পাত্রী কাম্য। M - 96144 75214. NP-0594

বৈশ্য সাহা 37/5'11'' আপার প্রাইমারি শিক্ষক, সুদর্শন পাত্রের জন্য সুন্দরী, শিক্ষিতা, অনূর্ধ্বা 31 পাত্রী চাই। M - 91264 48600. NP-0520

পাত্রী চাই

● গন্ধবণিক 42/5' Triple M.A., B.Ed., সিঙ্গাতলায় নিজস্ব ফ্ল্যাট, প্রাইভেট সংস্থায় কর্মরত পাত্রের জন্য মধ্যবিত্ত পরিবারের সুশিক্ষিতা পাত্রী কাম্য। M - 9733238571. NP-0569

● কায়স্থ 39+/5'10'' M.Com., C.A., কলিতে বেঃ সঃ প্রতিষ্ঠানে উচ্চপদে কর্মরত পাত্রের জন্য শিক্ষিতা, 36 মধ্যে পাত্রী চাই। M - 9679673102. NP-0526

● ব্রাহ্মণ, শাণ্ডিল্য গোত্র 30/5'9'' B.H.M.S. (Hons.), M.D. (Medicine) পাত্রের জন্য সরকারী বা বেসরকারী চাকুরীরতা ফর্সা, সুন্দরী পাত্রী চাই। M - 7501647028. NP-0546

● মন্ডল 32+/5'8'' ঝাড়খন্ড গ্রামীণ ব্যাঙ্কে Scale-1 Officer পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, 28 মধ্যে শিক্ষিতা, মালদা নিকটস্থ সুপাত্রী অগ্রগণ্য। M - 9126638312. NP-0444

ভাড়া / লীজ

রামকৃষ্ণপল্লী কলিঙ্গ হোটেলের পিছনে 3 BHK ফ্ল্যাট 1st Floor ভাড়া দেওয়া হইবে। M - 79088 20249. NP-0595

ভারত সেবাশ্রম-এর কাছে গ্যারাজ ভাড়া দেওয়া হবে। M - 80165 25381. NP-0579

স্টেশন রোডে উপযুক্ত বাণিজ্যিক পরিবেশে গ্রাউন্ড ফ্লোরে কোম্পানী শো-রুমের জন্য 350 বর্গফুটের রেডি স্পেস ভাড়া দেওয়া হবে। M - 79083 27838. NP-0593

উত্তর সিঙ্গাতলায় পুরাতন বাটখারা অফিস তথা মালদা মেডিক্যাল কলেজের কাছে সমস্ত আসবাবপত্র ও অন্যান্য প্রয়োজনীয় সুবিধা সহ ত্রিতল ঘর ভাড়া দেওয়া হবে। (সরকারী কর্মী অগ্রগণ্য)। ব্রোকাররা যোগাযোগ করবেন না। যোগাযোগ - 94344 57058. NP-0576

কর্মখালি

একজন অভিজ্ঞ হিন্দু ড্রাইভার প্রয়োজন। বেতন আলোচনা সাপেক্ষ। যোগাযোগ - 94340 45666 / 86955 04566. NP-0577

কর্মখালি

মালদাতে নিজ চেম্বারে কম্পিউটারে excel-এ কাজ জানা ছেলে / মেয়ে চাই। 4 ঘন্টা - Rs. 5000/-, M - 94342 19397. NP-0524

কর্মখালি — House of Guinea

জুয়েলারি শোরুমে নিম্নলিখিত পদে কর্মী চাই

১) সেলস এক্সিকিউটিভ (পুরুষ / মহিলা)

কথাবার্তায় সাবলীল, ন্যূনতম গ্র্যাজুয়েট, অনূর্ধ্ব ৩৫ বছর বয়সী পুরুষ ও মহিলা চাই। গোল্ড জুয়েলারি শোরুমে সেলস-এর কাজে অভিজ্ঞরা অগ্রাধিকার পাবেন। আকর্ষণীয় বেতন, সেলস-এর উপর ইনসেনটিভ এবং অন্যান্য সুনযোগ-সুবিধা।

২) হাউজ কিপিং (মহিলা)

বিভিন্ন অফিসিয়াল কাজ ও হাউজ কিপিং-এর জন্য কর্মী নিয়োগ হবে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাশ। এই কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন।

স্থানীয় আবেদনকারীরা অগ্রাধিকার পাবেন।

উপরোক্ত শূন্যপদগুলির জন্য ৭ দিনের মধ্যে ছবি সহ বায়োডাটা পাঠান ইমেলে।

আমাদের ইমেল ঃ hr.houseofguinea@gmail.com

যোগাযোগ ঃ 8100110062

আবেদন করার সময় পদের নাম উল্লেখ করা প্রয়োজন।

ভাড়া / লীজ

মকদুমপুর বি. জি. রোডে 4th ফ্লোরে 1400 sq.ft. ফ্ল্যাট ভাড়ায় দিব। M - 94340 52206. NP-0600

স্টেশন রোডে ব্যাঙ্ক / অফিসের জন্য উপযুক্ত পরিবেশে 1400 বর্গফুট (গ্রাউন্ড ফ্লোর) কমার্শিয়াল স্পেস ভাড়ায় দেবো। M - 79083 27838. NP-0592

Office space for Rent 1000 sq.ft. R. K. Pally. Suitable for NBFC / Bank / Office / Training Centre. M - 79080 17003. NP-0533

পরবর্তী

জরুরী গাইড — সার্কুলেশন আনলিমিটেড

বিতরিত হবে 16 নভেম্বর, 2026, সোমবার। বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ 10 নভেম্বর, 2026, মঙ্গলবার, সন্ধ্যা 7 টার মধ্যে।

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— সম্পাদক / প্রকাশক।

টিউশন / কোচিং

● পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. NP-0297

বিক্রয়

● জমি বিক্রয় হবে 5 কাঠা (সুকান্ত স্মৃতি সংঘের বিপরীতে, মহানন্দাপল্লী)। ফোনে যোগাযোগ করুন - 7646831391. NP-0567

মকদুমপুরে বি. জি. রোডে 4th ফ্লোরে 1400 sq.ft. ফ্ল্যাট বিক্রি আছে। M - 94340 52206. NP-0599

● বাড়িতে স্টিলের শোকেস ও স্টিলের Secretariat টেবিল বিক্রি আছে। যোগাযোগ - 9593089800. NP-0557

মালদা শহরের মকদুমপুরে 3rd ফ্লোরে 765 sq.ft., 2 BHK ফ্ল্যাট রি-সেল করবো। ফোন - 97495 34322. NP-0522

● মহালয়ার পুণ্যলগ্নে দেবীপক্ষে পুজোতে মেয়ে-জামাইকে উপহার দেওয়ার এটাই তো Golden সময়। মুখে সব সময় জামাইকে বাবা, বাবা বললে হবে? প্রকৃত বাবা হতে চাইলে, মকদুমপুরের 3 তলা বাড়িটা এখনই বায়না করে তাদেরকে উপহার দিন। তবেই তো সার্থক হবে জমানো টাকা টার। M - 9851300302. NP-0564

মিশনের পেছনে ডাফোডিল স্কুলের কাছে 2 BHK ফ্ল্যাট 590 বর্গফুট 4th ফ্লোর বিক্রয় করবো। দালাল নহে। M - 94757 14351. NP-0588

মালদা স্টেশন সংলগ্ন এবং রেল হাসপাতালের সন্নিকটে 3 BHK, 1000 বর্গফুট ফ্ল্যাট বিক্রয়। মূল্য 45 লাখ। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। দালাল নিষ্প্রয়োজন। M - 83270 09976. NP-0537

পাটুলিতে (দঃ কলিকাতা) জমি বিক্রি। 4 কাঠা 5 ছটাক, কর্ণার প্লট। কবি সুভাষ মেট্রো 6 - 7 মিনিট। 33 লাখ/কাঠা Negotiable. M - 98300 17788 / 98042 92904. NP-0519

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)

তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)

দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে

Mobile : 98320 78468 / 92326 71649

জ্যোতিষ চর্চা

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্ব্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

চিকিৎসা

চক্রবর্তী হোমিও হল
ডাঃ মন্ময় চক্রবর্ত্তী, হোমিও ডাক্তার। যে কোনও রোগের চিকিৎসা স্বল্প মূল্যে করা হয়। সত্বর যোগাযোগ করুন, বিবেকানন্দপল্লী। M - 87685 11975 (7 P.M. - 9 P.M.). NP-0555

বিদ্যাসাগর

(প্রথম পাতার পাতায়)

তুলে আনেন অপালা, ঘোষা, গার্গী, লোপামুদ্রাদের। নারী শিক্ষা বিষয়ে শ্লোকগুলি বলতে থাকেন একের পর এক। তীক্ষ্ণ যুক্তি, উদাহরন আর বাগ্মীতার সামনে ভেঙে পড়ে সংস্কারের দেওয়াল। সকলে সম্মত হন নারী শিক্ষার বিষয়ে। বিদ্যাসাগর মহাশয় উপলব্ধি করেন, ইউরোপ নয়, সংস্কার ভাঙতে হবে বেদ কে হাতিয়ার করেই।গৃহকর্তার মুখে তখন বিজয়ীর গৌরব।

সকলে চলে যাবার পর গৃহকর্তা বলেন, 'এবার আপনার ভোজনের ব্যবস্থা করি। একাদশী তাই অন্নের ব্যবস্থা নেই। এইবার লুচি খান কয়েকটা। শরীর আশাকরি সুস্থ হয়েছে।'

বিদ্যাসাগর মহাশয় বলেন, 'শরীর আমার সুস্থই আছে, ক্ষত আমার মনে। আমি নারীদের শিক্ষার জন্য ছুটছি, কিন্তু এই বিধবা নারীরা, তাদের দুঃখ, তাদের প্রতি এই ধর্মীয় অমানবিকতা — এই দিকে সম্পূর্ণ উদাসীন ছিলাম আমি। ছিঃ ছিঃ, ভাবতেই আমার গ্লানি হচ্ছে। রামমোহন রায় মহাশয় তাদের বাঁচিয়ে ছিলেন জ্বলন্ত চিতা থেকে। কিন্তু ওরা মরছে, রোজ জ্বলছে খিদেয়, অবহেলায়,অমানবিকতায়। আপনার কন্যা আজ চোখ খুলে দিয়েছে। আচ্ছা, আপনি পারেন না, মেয়ের পুনর্বিবাহ দিতে? ওর সামনে তো সারা জীবনটা পড়ে আছে। ও বাঁচুক নতুন করে। বিদেশে তো কতো হচ্ছে। আপনি শুরু করুন।'

গম্ভীর হয়ে উঠলো গৃহকর্তার মুখ। তিনি বললেন, 'প্রথমত সমাজ মানবে না। আমাদের প্রাচীন ধর্মেও এর কোন স্বীকৃতি নেই। তারপর হিন্দু ম্যারেজ অ্যাক্টেও রি-মেরেজের কোন আইন নেই। তাই ওর কপাল নিয়েই ওকে এইভাবেই বাঁচতে হবে। আমি নিরুপায়।'

বিদ্যাসাগর মহাশয় বললেন, 'স্ত্রী শিক্ষার পাশাপাশি আমার নতুন লড়াই শুরু হোল। এদেশের ছোট ছোট অসহায় বিধবা কন্যাদের বাঁচানোর লড়াই। সমাজ এবং আইন দুটোই পরিবর্তন করবো। শপথ নিলাম আজ। আমায় বিদায় দিন।'

জলগ্রহন না করে বেরিয়ে পরলেন তিনি। শুরু হোল লড়াই, আক্ষরিক অর্থেই লড়াই। একদিকে কলেজে অধ্যাপনা,বই ছাপানোর কাজ, তাঁর গড়ে তোলা বিদ্যালয়ের জন্য অর্থ সংগ্রহ, সেগুলিকে তো আর বন্ধ হতে দেওয়া যায়না, তার সঙ্গে রাতের পর রাত জেগে বেদ উপনিষদ পুরান মনু সংহিতা ঘেঁটে চলা, কোথায় আছে নারীর পুনর্বিবাহের বিধান। সিন্ধুর থেকে মুক্তো তোলার মতোই কঠিন সে অনুসন্ধান। দিনের পর দিন,রাতের পর রাত।অবসরের সময় কই? এর সঙ্গে কলকাতার শিক্ষিত সমাজের স্বাক্ষর সংগ্রহ, সরকারের কাছে বিধবা বিবাহ প্রচলনের জন্য পিটিশন জমা দেওয়া।

এদিকে শুরু হয়েছে নতুন বিপত্তি। কলকাতার রক্ষনশীল দল, পুরোহিত সমাজ বিধবা বিবাহের ঘোর বিপক্ষে। তারা কিছুতেই মেনে নেবেনা এই অনাচার। তারা পাল্টা আবেদন করেছে সরকারের কাছে, ধর্মবিরোধী এই আইন চালু হলে সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করবে তারা। বিদ্যাসাগরের বাড়ির সামনে চলছে প্রতিবাদ ব্যঙ্গ বিদ্রুপের ঝড়। নারীদের প্রতি তাঁর সহানুভুতি নিয়ে অশ্লীল কটূক্তি। বাড়িতে যখন তখন পড়ছে ঢিল, ময়লা, আবর্জনা। একদিন বিদ্যাসাগরকে হামলার মুখেও পড়তে হয়েছে রাস্তায়। বঙ্কিমচন্দ্র বিষবৃক্ষ উপন্যাসে সূর্য্যমুখীকে দিয়ে বলালেন —

'যে বিধবা বিবাহের ব্যবস্থা করে, সে যদি পণ্ডিত হয়, তবে মূর্খ কে!'

এইসব কটাক্ষেও কিন্তু বিদ্যাসাগর অনড়। লড়াই তাঁর জীবনে। যিনি ওই দারিদ্র কাটিয়ে কলকাতায় ছাপাখানার ব্যবসা খুলতে পারেন, যিনি উত্তাল নদী সাঁতরে পার হতে পারেন দুর্যোগের রাত্রে, যিনি নিজ খরচে ২১টি বালিকা বিদ্যালয় চালানোর সাহস দেখান, যিনি স্পর্ধা রাখেন ব্রিটিশের সামনে জুতো পড়া পা তুলে ধরার, তার কাছে কোন বাধাই বাধা নয়। কিন্তু বড়লাটের দপ্তর বলেছে বেদ পুরানে কী কোন উদাহরন আছে পুনর্বিবাহের? না হলে আইন পাশ করা মুশকিল। রক্ষনশীলদের চটিয়ে কিছু করার ইচ্ছা নেই ডালহৌসির।

তাই রাতের পর রাত জেগে পুঁথি পত্র পড়ছেন তিনি। কম আলোয় চোখের সমস্যা হচ্ছে, ক্লান্তিতে অনিদ্রায় শরীর ভেঙে পড়ছে, হতাশা আসছে মনে। কিন্তু পরক্ষনেই চোখে (এরপর ৩-এর পাতায়)

নামমাত্র খরচে পাত্র / পাত্রীর প্রোফাইল khonj.in ওয়েবসাইটে পোস্ট করুন। মালদা সহ নিকটবর্তী জেলার খোঁজ-খবর পান।

নীচের ফর্মের তথ্য পূরণ করে হোয়াট্সঅ্যাপ করুন

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* : ....
বয়স : ....
উচ্চতা : ....
কাস্ট / গোত্র / পদবি : ....
ব্লাড গ্রুপ : ....
শিক্ষাগত যোগ্যতা : ....
অন্যান্য যোগ্যতা : ....
চাকুরে / ব্যবসায়ী / অন্য কোন পেশা : ....
পৈতৃক নিবাস : ....
কর্মস্থল : ....
বার্ষিক আয় : ....
চেহারার গড়ন : ....
পিতা-মাতার কততম সন্তান : ....
বর্তমানে বৈবাহিক স্থিতি : ....
১) অবিহিত ☐ ২) ডিভোর্সী ☐
৩) বিধবা ☐ ৪) বিপত্নীক ☐
৫) ডিভোর্সের জন্য অপেক্ষারত ☐
খাদ্যাভ্যাস : ....
নিরামিশাষী হলে লিখুন : ....
বাসস্থান : নিজস্ব ☐ পৈতৃক ☐ ভাড়া ☐

কেমন পাত্র / পাত্রী খুঁজছেন তার সংক্ষিপ্ত বিবরণ

কোন্ কাস্ট অগ্রাধিকার ?
সবর্ণ ☐ / অসবর্ণ ☐ / উচ্চ অসবর্ণ ☐

নিজের সাম্প্রতিক ছবি (সর্বাধিক তিনটি),
আধার কার্ড, ভোটার কার্ড, বয়সের প্রমাণ (PAN / Admit Card)।

(ছবি সহ সরকারী একটি নথি ও বয়সের প্রমাণের নথির ফটোকপি / ডিজিটাল কপি পাঠানো বাধ্যতামূলক)।

WApp No. : 9233 44 45 46 (chat only)
khonj.in/patro (পাত্রের জন্য), khonj.in/patri (পাত্রীর জন্য)

তারিখ : ....

আবেদনকারীর স্বাক্ষর

ঠিকানা : ....
ফোন / হোয়াট্অ্যাপ নং : ....
ই-মেইল আই.ডি. : ....

জরুরী গাইড — সার্কুলেশন আনলিমিটেড

বিনামূল্যে বিতরণ কেন্দ্র

অনলাইনে পড়ুন - aamaarshahor.com

❖ রথবাড়ী (অডিটোরিয়াম), নিউ মডেল বুক ডিপো - 98514 87741 ❖ কবি সুকান্ত মোড়, রূপা ব্যান্ড বক্স - 99324 81754 ❖ এন.বি.এস. টি.সি. ডিপো সংলগ্ন, চক্রবর্তী পেপার সাপ্লায়ার - 99339 93660 ❖ রাজ হোটেল মোড়, মডেল বুক ডিপো - 94342 31832 ❖ অতুল মার্কেট, মা তারা ম্যাগাজিন - 77979 19580 ❖ রামকৃষ্ণপল্লী, এসবিআই-এর কাছে, সাইবার ফিভার - 89263 09911 ❖ ফুলবাড়ি, এম. কে. রোড, স্মার্ট নেট - 94346 81146 ❖ মকদুমপুর, রথঘর-এর বিপরীতে, মাস মিডিয়া - 9732155526 ❖ আইহো বাস স্ট্যান্ড, গীতা পুস্তকালয় - 94744 75342.

ক্লাসিফায়েড এবং ডিসপ্লে-ক্লাসিফায়েড বিজ্ঞাপন একসাথে ২ বারের জন্য বুক করলে তৃতীয়বার প্রকাশিত হবে **বিনামূল্যে।**
WApp - 9233 44 45 46

গ্রামের শিক্ষিতা ও নম্র **পাত্রী চাই?** নাকি শহরের স্মার্ট ও ভালো রোজগেরে **পাত্র চাই?** ন্যূনতম 300 টাকায় গাইডে বিজ্ঞাপন দিন। ফোন - 9233 44 45 46

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক 50 টি অক্ষর মাত্র 100 টাকার বিনিময়ে। সাথে khonj.in ওয়েবসাইটে বিনামূল্যে 30 দিনের জন্য পোস্ট করুন। WApp - 92334 44546.

ফ্ল্যাট বুকিং চলছে

অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় "HINDOL" Apartment-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে B+G+6 Multi Storied Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - WBRERA/P/MAL/2025/002401.
Website : www.rera.wb.gov.in
Mobile No.
97341 02876 / 96478 01310

ভাড়ায় প্রজেক্টর

Opp. to Rathghar
MASS MEDIA
The Media Maker
Mokdumpur, Malda.

● 49" 4K LED TV ● Wi-Di রাউটার ● Android 8.1 যুক্ত মিডিয়া প্লেয়ার
● HDMI পোর্টযুক্ত শর্ট-থ্রো প্রোজেক্টর ● অ্যান্ড্রয়েড মিডিয়া প্লেয়ারযুক্ত LED প্রজেক্টর
● i_3 প্রসেসরযুক্ত ল্যাপটপ ● শক্তিশালী UPS পোডিয়াম ● 4G ইন্টারনেট রাউটার
● HD (হাই ডেফিনেসন) ভিডিও / ডিজিটাল স্টিল ফটোগ্রাফি ● Google Crome Cast
● কর্ডলেস মাইক্রোফোন ● ল্যাপেল মাইক্রোফোন ● ভয়েস রেকর্ডার ● সাউন্ড সিস্টেম
● পয়েন্টার ● Android সমৃদ্ধ HD LED মনিটর ● ইনভার্টার ● মাল্টি ইউজার স্যুইচ
● Air PC ● Blooth Tooth 5.0 Speaker ● আরো অনেক কিছু ...

রেট কার্ড পেতে অন-লাইনে লগ্ অন করুন - aamaarshahor.com/projector
অর্ডার করুন massmedia.malda@gmail.com এই ঠিকানায়।

Per shift upto 3 hours
Available on Rent # 9233 44 45 46

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। M : 977 5454 577

বিদ্যাসাগর

(দ্বিতীয় পাতার পর)

ভাসছে ওই একরত্তি বিধবা মেয়েটির করুণ মুখখানি, সারা দেশের হাজার হাজার বিধবা নাবালিকার অসহনীয় জীবনের দীর্ঘশ্বাস শুনতে পাচ্ছেন তিনি। আবার শুরু হচ্ছে তাঁর অন্বেষণ। তারপর, তারপর পাওয়া গেলো সেই মুক্তো। পরাশর সংহিতার অমর সেই শ্লোক 'নষ্টে মৃতে প্রবরজিতে ক্লীবে চ পতিতে পতৌ/ পচস্বাপতসু নারীনাং পতিরন্যো বিধয়তে।'(স্বামী মারা গেলে, সন্ন্যাস নিলে, নিখোঁজ হলে, সন্তানগ্রহনে অক্ষম হলে, অধার্মিক ও অত্যাচারী হলে পত্নী আবার বিবাহ করতে পারে।)

তিনি ছুটলেন সরকারের দ্বারে। প্রমান করলেন বিধবা বিবাহ শাস্ত্রসম্মত। আর বাধা রইলো না কিছুই। ১৮৫৬ সালের ১৬ই মতান্তরে ২৬ শে জুলাই পাশ হোল বিধবা বিবাহ আইন। লক্ষ লক্ষ বাল্য বিধবা পেলো মুক্তির আশ্বাস। শুধু চালু করেই ক্ষান্ত থাকলেন না। নিজের পুত্রের বিধবার সাথে বিবাহ দিয়ে দেখিয়ে দিলেন সমাজকে। এখানেই তিনি অনন্যসাধারন। সিংহহৃদয় এর মধ্যে কুসুমকোমল অনুভুতির প্রকাশ। আমরা আজ বহু বছর পরেও যে সংস্কার কাটিয়ে উঠতে পারলাম না, তিনি সেই যুগে দাঁড়িয়ে করে দেখালেন তা।

তিনি চলে গেছেন সেই ১৮৯১ সালে। কিন্তু রয়ে গেছে তাঁর লড়াই, তাঁর আদর্শ, তাঁর অবদান। যে আদর্শ আলো দেখিয়েছে আপামর বাঙালিকে। যার হাত ধরে আমাদের অক্ষর চিনতে শেখা। সেই মহামানবকে জানাই শত প্রণাম।

'বেঁচে থাকো বিদ্যাসাগর
চিরজীবী হয়ে।'

লেখাটি দেবারতি মুখোপাধ্যায় এর 'ঈশ্বরের অন্তিম শ্বাস' বই থেকে নেওয়া।

গ্রামীণ ব্যাঙ্কে

(চতুর্থ পাতার পর)

কারণ এতে কম সময়ে ভালো নম্বর তোলা যায়।

কাজের ধরন ঃ পদের ওপর ভিত্তি করে কাজের দায়িত্ব ভিন্ন হয়ে থাকে। মূল দুটি পদের দায়িত্বসম্পর্কে জানানো হলো। অফিস অ্যাসিস্ট্যান্ট এটি একটি এন্টি-লেভেলের ব্যাঙ্কিং চাকরি, যেখানে সরাসরি গ্রাহকদের সঙ্গে যোগাযোগ করে কাজ করতে হয়। গ্রাহক পরিষেবার কাজের মধ্যে রয়েছে টাকা জমা নেওয়া, ক্যাশ উইথড্রাল বা টাকা তোলা এবং অ্যাকাউন্ট খোলার নথি যাচাই করা। দৈনন্দিন ব্যাঙ্কিং অপারেশনসের মধ্যে রয়েছে, পাস বই আপডেট করা, চেক প্রসেসিং এবং ব্যাঙ্কের রসিদের হিসেব রাখা। কৃষকদের কৃষি ঋণ বা ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে প্রাথমিক নথি প্রস্তুত করতে অফিসারদের সাহায্য করা।

অফিসার স্কেল-১ এটি একটি ম্যানেজেরিয়াল পদ। গ্রামীণ অর্থনীতির সঙ্গে সরাসরি যুক্ত থাকায় এর দায়িত্ব কিছুটা বৈচিত্র্যময়। ঋণ অনুমোদন (লোন প্রসেসিং)-এর কাজটি গুরুত্বপূর্ণ। গ্রামীণ এলাকার মূল ভিত্তি হলো কৃষি ও ক্ষুদ্র শিল্প (এমএসএমই)।

এমএলটি কোর্স

(প্রথম পাতার পর)

যন্ত্রপাতি পরিচালনা, নমুনা বিশ্লেষণ এবং পরীক্ষার মান নিয়ন্ত্রণে দক্ষতা অর্জন করে।

যোগ্যতা ঃ স্বীকৃত বোর্ড থেকে ১০+২ বা সমতুল্য পরীক্ষা উত্তীর্ণ। পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা, গণিত থাকতে হবে। অধিকাংশ প্রতিষ্ঠানে ১০+২ পরীক্ষায় ৫০-৬০% নম্বরের প্রয়োজন হয়। কিছু বিশ্ববিদ্যালয়ে প্রবেশিকা পরীক্ষা এবং কিছু ক্ষেত্রে মেধার ভিত্তিতে ভর্তি হয়।

সিলেবাস ঃ সিলেবাসে আছে মানব শারীরবিদ্যা ও শারীরবৃত্তীয় কাজ, ক্লিনিক্যাল বায়োকেমিস্ট্রি, প্যাথলজি ও সাইটোলজি, মাইক্রোবায়োলজি, হেমাটোলজি ও রাত ব্যাঙ্কিং, ল্যাবরেটরি ম্যানেজমেন্ট, ল্যাবরেটরিতে পরীক্ষার গুণগত মান নিয়ন্ত্রণ। চূড়ান্ত সেমেস্টারে পড়ুয়ারা ইন্টার্নশিপ বা ক্লিনিক্যাল প্রশিক্ষণ নেন যা তাঁদের মেডিক্যাল ল্যাবরেটরি এবং ডায়াগনস্টিক সেন্টারগুলিতে বাস্তব অভিজ্ঞতা প্রদান করে।

উচ্চশিক্ষার সুযোগ - এমএসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি ক্লিনিক্যাল বায়োকেমিস্ট্রি, মাইক্রো-বায়োলজি, হেমাটোলজিতে বিশেষজ্ঞ হওয়ার সুযোগ।

স্নাতকোত্তর ডিপ্লোমা জেনেটিক ডায়াগনস্টিক, ক্লিনিক্যাল রিসার্চ বা মেডিক্যাল ইমেজিং টেকনোলজির ডিপ্লোমা।

মাস্টার অফ পাবলিক হেলথ জনস্বাস্থ্য নীতি, মহামারী বিদ্যা স্বাস্থ্য প্রশাসনের উপর জোর দেওয়া।

✪ পিএইচডি প্রোগ্রাম ল্যাবরেটরি সায়েন্স বা সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা।

✪ কেরিয়ারে সম্ভাবনা।

✪ মেডিক্যাল ল্যাবরেটরি টেকনি-শিয়ান বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে নিয়মিত ও বিশেষায়িত পরীক্ষাগুলি সম্পন্নকরা।

✪ ল্যাব সুপারভাইজার ল্যাব পরিচালনা এবং মান নিয়ন্ত্রণ।

✪ গবেষণা সহযোগী ক্লিনিক্যাল ট্রায়াল এবং গবেষণা প্রকল্পে কাজ।

✪ প্যাথলজি টেকনিশিয়ান টিস্যুর নমুনা বিশ্লেষণে সহায়তা করা।

বায়োটেকনোলজিস্ট জেনেটিক টেস্টিং, মলিকিউলার বায়োলজি বা বায়োইনফরমেটিক্স ল্যাবে কাজ।

সরকারি ক্ষেত্রে সুযোগ সরকারি হাসপাতাল, জনস্বাস্থ্য ল্যাব এবং গবেষণা সংস্থা যেমন চাকরির সুযোগ।

✪ বেসরকারি ক্ষেত্রে সুযোগ বেসরকারি প্যাথ ল্যাবগুলি নিয়মিত এমএলটি স্নাতকদের নিয়োগ করে।

✪ পিএইচডি স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রিধারীরা মেডিক্যাল কলেজ, বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা ও গবেষণার কাজে কেরিয়ার গড়তে পারেন।

✪ অভিজ্ঞতা অর্জনের পর উদ্যোক্তা হিসেবে নিজের ডায়াগনস্টিক ল্যাব বা কনসালটেন্সি পরিষেবা শুরু করা।

বেতন কাঠামো দেশে বিএসসি এমএলটি স্নাতকদের প্রারম্ভিক বেতন বছরে ২.৫ থেকে ৪ লক্ষের মধ্যে। অভিজ্ঞতা এবং অতিরিক্ত যোগ্যতার সঙ্গে স্পেশালাইজেশন থাকলে ৬ থেকে ১২ লক্ষ বা তার বেশি আয় সম্ভব।

ভবিষ্যতের সম্ভাবনা মেডিক্যাল প্রযুক্তির অগ্রগতি, ডায়াগনস্টিক ল্যাবের সংখ্যা বৃদ্ধির কারণে এমএলটি পেশাদারদের চাহিদা দ্রুত বাড়ছে।

তথ্য সহায়তা পাবলো চন্দ্র, টিচার ইন চার্জ, স্কুল অফ হেলথ অ্যান্ড মেডিক্যাল সায়েন্সেস।

কোর্স IR

(প্রথম পাতার পর)

সার্টিফিকেট কোর্স প্রদান করে যা গ্লোবাল অ্যাফেয়ার্সে আগ্রহী ছাত্রছাত্রীদের জন্য আদর্শ স্বীকৃতি।

পাঠ্যক্রম ঃ স্নাতক স্তরে আইআর নিয়ে মৌলিক ধারণা, তত্ত্ব, পলিটিক্যাল ইকনমি, বিদেশ নীতি, আঞ্চলিক কূটনীতি, তুলনামূলক রাজনীতি ইত্যাদি পড়ানো হয়। স্নাতকোত্তর স্তরে আন্তর্জাতিক সম্পর্কের মধ্যে রাজনীতি এবং অর্থনীতির সম্পর্ক, আন্তর্জাতিক আইন, চুক্তি এবং রাষ্ট্রসংঘ, বিশ্ব বাণিজ্য সংস্থার মতো সংস্থাগুলির ভূমিকা গ্রহণ, ইন্টারন্যাশনাল ল" নিয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। যুদ্ধ, শান্তি মিশন, সামরিক কূটনীতি, জিও পলিটিক্স, বৈশ্বিক চ্যালেঞ্জগুলি নিয়ে সবিস্তারে আলোচনা থাকে।

উচ্চতর পড়াশোনা ঃ পিএইচডি যাঁরা গবেষণা এবং অ্যাকাডেমিক কেরিয়ারে আগ্রহী, তাঁদের জন্য পিএইচডি প্রোগ্রামগুলি রয়েছে। ইচ্ছুকরা নেট, সেট দিয়ে অধ্যাপনা করতে পারেন।

পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা কিছু প্রতিষ্ঠান কূটনীতি, আন্তর্জাতিক আইন এবং নিরাপত্তা বিষয়ক বিশেষজ্ঞ ক্ষেত্রে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম অফার করে। এই প্রোগ্রামগুলি সাধারণত ছোট এবং আরও বিশেষভাবে ফোকাসড হয়ে থাকে।

ইন্টার্নশিপ এবং ফেলোশিপ পড়ুয়ারা আন্তর্জাতিক সংস্থাগুলিতে ইন্টার্নশিপ বা ফেলোশিপ করার সুযোগ পেয়ে থাকেন। রাষ্ট্রসংঘ মতো সংস্থাগুলি ছাড়াও ভারতের বিদেশ মন্ত্রক, ভারত সরকার, বিদেশি দূতাবাস এবং ভারতীয় হাইকমিশনগুলিতে, বিভিন্ন কর্পোরেট সংস্থায়, আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠনগুলিতে ইন্টার্নশিপের মাধ্যমে হাতে কলমে কাজ শেখার সুযোগ রয়েছে।

বহুমুখী দক্ষতা ঃ আইআর পেশাদারদের সফল হতে গেলে দরকার দুর্দান্ত কমিউনিকেশন স্কিল, বিশ্বজুড়ে চলমান ঘটনাপ্রবাহ নিয়ে বিশ্লেষণী ক্ষমতা, দ্রুত ও সঠিক নীতি নির্ধারণের ক্ষমতা, বিভিন্ন ভাষা জানার দক্ষতা থাকা দরকার। জানতে হবে বিশ্বের বিভিন্ন প্রান্তের সাংস্কৃতিক পার্থক্য, সাংস্কৃতিক বৈচিত্র্য। বিভিন্ন পেশাদার সংস্থা, সংগঠনের সঙ্গে সুসম্পর্ক গড়ে তোলার দক্ষতা থাকলে থিঙ্ক ট্যাঙ্ক হিসেবে কাজে সুবিধা হয় ।

কেরিয়ারে সুযোগ ঃ কূটনীতি এবং বৈদেশিক সেবা ইউপিএসসি-র সিভিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হলে ইন্ডিয়ান ফরেন সার্ভিসে যোগ দিয়ে তাঁরা দেশের পক্ষে বিভিন্ন দূতাবাস এবং কনস্যুলেটে কূটনীতিক পদে কাজ করতে পারেন। দেশের বৈদেশিক নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারেন।

আন্তজাতিক সংস্থা রাষ্ট্রসঙ্ঘ, বিশ্বব্যাঙ্ক, আইএমএফ, মানবাধিকার সংস্থাগুলি সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাগুলিতে নীতি নির্ধারক বা বিশ্লেষক, গবেষক, কূটনৈতিক হিসেবে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে।

থিঙ্ক ট্যাঙ্ক এবং গবেষণা প্রতিষ্ঠান অনেক পড়ুয়া পলিটিক্যাল থিঙ্ক ট্যাঙ্ক হিসেবে, পর্যবেক্ষক হিসেবে আন্তর্জাতিক নীতি নির্ধারক সংস্থাগুলিতে, বহুজাতিক বাণিজ্যিক সংস্থাগুলিতে কাজ করতে পারেন। গবেষণা এবং সাংবাদিকতা রয়েছে অধ্যাপনা, গবেষণা, বিশেষজ্ঞ সাংবাদিক হিসেবে বিভিন্ন সংবাদমাধ্যমে কাজ করার সুযোগ। ইন্টেলিজেন্স এবং জাতীয় নিরাপত্তা সরকারি নিরাপত্তা এজেন্সি ও গুপ্তচর সংস্থাগুলিতে অনেক সময় আন্তর্জাতিক সম্পর্ক এবং নিরাপত্তা বিষয়ক গভীর জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের নিয়োগ করা বা তাঁদের পরামর্শের প্রয়োজন, যেমন ভারতের আইবি বা রিসার্চ অ্যান্ড অ্যানালিসিস উইং (র)। তথ্য সহায়তা ঃ নবমিতা দে ভৌমিক, অধ্যাপক, ইন্টারন্যাশনাল রিলেশনস।

Tele Guide.in
যাকে চাই তাকে পাই, পলকে

Trains Running Through
MLDT & NFK STATION
OCTOBER - 2026

মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়

Mail / Express Trains

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
03039	Sat	06:25	06:30	—	—	HOWRAH-NJP JN	*Special*	NJP JN - HOWRAH	03040	17:10	17:15	—	—	Sat
03105	Fri	14:40	14:50	14:00	14:02	SEALDAH-LUMDING JN	*Special*	—	—	—	—	—	—	—
03129	Daily	06:20	06:30	—	—	KOLKATA-NJP JN	*Special*	NJP JN - KOLKATA	03130	17:10	17:20	—	—	Daily
03203	Daily	START	16:00	—	—	MALDA TOWN-KIUL JN	*Special*	KIUL JN - MALDA TOWN	03204	15:00	END	13:18	13:20	Daily
03409	Thu, Sat	START	20:45	21:15	21:17	MALDA TOWN-PRAYAGRAJ	*Special*	PRAYAGRAJ-MALDA TOWN	03410	14:.0	END	13:05	13:07	Sat, Mon
03413	Thu, Sun	START	07:10	07.42	07.44	MALDA TOWN-NEW DELHI	*Special*	NEW DELHI-MALDA TOWN	03414	07:55	END	06.45	06.47	Tue, Sat
03417	Sat	START	12:20	12.52	12.54	MALDA TOWN-UDHNA JN	*Special*	JHUSI-MALDA TOWN	03418	14:30	END	13.05	13.07	Tue
03425	Fri	START	17:30	18.02	18.04	MALDA TOWN-PUNE JN	*Special*	PUNE JN--MALDA TOWN	03426	16:30	END	15.30	15.32	Tue
03429	Sat	5:10	END	03.25	03.27	CHARLAPALLI-MLDA TOWN	*SF Special*	CHARLAPALLI-MALDA TOWN	03430	START	18:10	18.30	18.42	Tue
03435	Mon	START	09:30	10.02	10.04	MALDA TOWN-ANAND VIHAR TERMINAL	*Special*	ANAND VIHAR TERMINAL-MALDA TOWN	03436	22:30	END	22.07	22.09	Wed
03465	Sat	START	13:10	13:42	13:44	MALDA TOWN-DIGHA	*Special*	DIGHA-MALDA TOWN	03466	08:16	08:18	09:20	END	Sun
05639	Fri	04:50	05:00	—	—	SILCHAR-KOLKATA	*Special*	KOLKATA- SILCHAR	05640	23:15	23:25	—	—	Fri
05931	Daily	09:10	09:20	07:54	07:56	KOLKATA-DIBRUGARH	*Special*	DIBRUGARH-KOLKATA	05932	17:10	17:20	17:52	17:54	Daily
06565	Tue	16:30	END	15:20	15:22	SMVT BENGALURU-MALDA	*Special*	MALDA TOWN-SMVT BENGALURU	06566	START	16:00	16:32	16:34	Wed
08047	Sat	01:10	01:20	—	—	SANTRAGACHI-GUWAHATI	*Special*	GUWAHATI- SANTRAGACHI	08048	04:50	05:00	—	—	Sun
08871	Tue, Mon	08:00	END	06:33	06:35	NSCB - ITWARI JN - MALDA TOWN	*Special*	MALDA TOWN - NSCB - ITWARI JN	08872	START	12:55	13:27	13:29	Mon, Tue
09013	Thu	05:10	END	04:05	04-07	UDHNA JN.-MALDA TOWN	*Summer Special*	MALDA TOWN-UDHNA JN.	09014	START	08:10	08:42	08:44	Thu
09063	Wed	11:30	END	10:52	10:54	UDHNA JN.-MALDA TOWN	*Summer Special*	MALDA TOWN-UDHNA JN.	09064	START	17:35	18:07	18:09	Wed
09463	Mon	09:10	END	08:16	08:18	GANDHI DHAM JN.-MALDA TOWN	*Special*	MALDA TOWN-GANDHI DHAM JN.	09464	START	17:35	18:07	18:09	Mon
12041	Mon to Sat	19:30	19:35	18.41	18.42	HOWRAH-NEW JALPAIGURI	*Shatabdi Express*	NEW JALPAIGURI- HOWRAH	12042	08:45	08:50	09.22	09.23	Mon to Sat
12343	Daily	04:15	04:25	—	—	SEALDAH-NEW JALPAIGURI	*Darjeeling SF Express*	NEW JALPAIGURI- SEALDAH	12344	23:30	23:40	—	—	Daily
12345	Daily	21:30	21:40	20.41	20.43	HOWRAH- GUWAHATI	*Saraighat SF Express*	GUWAHATI-HOWRAH	12346	23:30	23:40	00.33	00.32	Daily
12363	Tue, Thu, Sat	15:00	15:10	—	—	KOLKATA-HALDIBARI	*SF Express*	HALDIBARI-KOLKATA	12364	13:25	13:35	—	—	Wed, Fri, Sun
12377	Daily	05:25	05:30	—	—	SDAH-NEW ALIPURDUAR	*Padatik SF Express*	NEW ALIPURDUAR-SEALDAH	12378	00:40	00:45	—	—	Daily
12501	Thu	08:15	08:25	—	—	KOLKATA-AGARTALA	*Garib Rath Express*	AGARTALA-KOLKATA	12502	04:00	04:10	—	—	Mon
12503	Thu, Sun	00:25	00:35	—	—	SMVT BENGALURU-AGARTALA Humsafar	*SF Express*	AGARTALA-SMVT BENGALURU	12504	06:50	07:00	—	—	Wed, Sun
12507	Thu	17:05	17:15	—	—	THURUVANANTHAPURAM-SILCHAR	*CENTRAL SF Express*	SILCHAR-THURUVANANTHAPURAM	12508	18:50	19:00	—	—	Fri
12509	Fri, Sat, Sun	16:05	16:15	15.03	15.05	SMVT BENGALURU-GUWAHATI	*SF Express*	GUWAHATI-SMVT BENGALURU	12510	18:50	19:00	19.32	19.34	Mon, Tue, Sun
12513	Mon	00:25	00:35	23.18	23.20	SECUNDERABAD-GUWAHATI	*SF Express*	GUWAHATI- SECUNDERABAD	12514	18:50	19:00	19.32	19.34	Thu
12515	Tue	16:05	16:15	15.03	15.05	COIMBATORE-SILCHAR	*SF Express*	SILCHAR-COIMBATORE	12516	18:50	19:00	19.32	19.34	Wed
12517	Fri	04:00	04:10	—	—	KOLKATA-GUWAHATI	*Garib Rath Express*	GUWAHATI-KOLKATA	12518	08:15	08:25	—	—	Sun
12551	Mon	02:05	02:15	—	—	SMVT BENGALURU-KAMAKHYA	*AC SF Express*	KAMAKHYA- SMVT BENGALURU	12552	02:00	02:10	—	—	Thu
13011	Daily	22:45	ENDS	21.45	21.47	HOWRAH-MALDA TOWN	*SF Intercity Express*	MALDA TOWN- HOWRAH	13012	START	04:30	05.02	05.04	Daily
13033	Daily	07:10	07:20	06.00	06.05	HOWRAH-KATIHAR	*Express*	KATIHAR- HOWRAH	13034	19:10	19:20	20.06	20.08	Daily
13053	Daily	15:30	15:40	14.38	14.40	HOWRAH-RADHIKAPUR	*Kulik Express*	RADHIKAPUR- HOWRAH	13054	09:05	09:15	09.37	09.39	Daily
13063	Mon to Fri	15:15	15:25	14.13	14.15	HOWRAH-BALURGHAT	*Express*	BALURGHAT- HOWRAH	13064	23:00	23:10	23.42	23.44	Mon to Fri
13125	Daily	18:25	18:35	17.40	17.42	KOLKATA-SAIRANG	*Mail Express*	SAIRANG-KOLKATA	13126	08:47	08:49	08.05	08.15	Daily
13141	Daily	22:05	22:15	21.09	21.14	SEALDAH-NEW ALIPURDUAR	*Teesta Torsa Express*	NEW ALIPURDUAR-SEALDAH	13142	20:20	20:30	21.02	21.07	Daily
13145	Daily	02:40	02:50	01.32	01.37	KOLKATA-RADHIKAPUR	*Express*	RADHIKAPUR- KOLKATA	13146	00:10	00:20	00.52	00.57	Daily
13147	Daily	02:20	02:30	01.20	01.25	SEALDAH-BAMANHAT	*Uttar Banga Express*	BAMANHAT- SEALDAH	13148	22:20	22:30	23.02	23.07	Daily
13149	Daily	03:10	03:20	02.06	02.11	SEALDAH- ALIPURDUAR	*Kanchan Kanya Express*	ALIPURDUAR- SEALDAH	13150	01:10	01:20	01.52	01.57	Daily
13153	Daily	06:15	ENDS	04.48	04.53	SEALDAH- MALDA TOWN	*Gour Express*	MALDA TOWN- SEALDAH	13154	START	21:25	21.47	21.52	Daily
13159	Tue, Thu, Sat	05:00	05:10	03.53	03.55	KOLKATA-JOGBANI	*Express*	JOGBANI- KOLKATA	13160	20:05	20:15	20.47	20.49	Tue, Thu, Sat
13161	Mon to Fri, Sun	18:40	18:50	17.57	17.59	KOLKATA CHITPUR- BALURGHAT	*Tebhaga Express*	BALURGHAT- KOLKATA CHITPUR	13162	08:00	08:10	08.42	08.44	Mon to Sat
13163	Thu, Sat to Tue	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	*Hate Bazare Express*	SAHARSA- SEALDAH	13164	22:40	22:50	23.22	23.24	Thu, Sat to Tue
13169	Wed, Fri	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	*Hate Bazare Express*	SAHARSA- SEALDAH	13170	22:40	22:50	23.22	23.24	Wed, Fri
13173	Tue, Thu, Fri, Sun	13:35	13:45	12.50	12.52	SEALDAH-AGARTALA	*Kanchanjungha Express*	AGARTALA- SEALDAH	13174	12:25	12:35	13.12	13.14	Mon, Wed, Fri, Sun
13175	Mon, Wed, Sat	13:35	13:45	12.50	12.52	SEALDAH-SILCHAR	*Kanchanjungha Express*	SILCHAR- SEALDAH	13176	12:25	12:35	13.12	13.14	Tue, Thu, Sat
13181	Mon	15:00	15:10	—	—	KOLKATA CHITPUR-SILGHAT TOWN	*Kaziranga Express*	SILGHAT TOWN-KOLKATA CHITPUR	13182	06:20	06:30	—	—	Wed
13189	Daily	05:40	05:50	04.26	04.28	SEALDAH-BALURGHAT	*Express*	BALURGHAT-SEALDAH	13190	21:30	21:40	22.17	22.19	Daily
13409	Daily	START	05:50	06.12	06.14	MALDA TOWN-KIUL	*Intercity Express*	KIUL- MALDA TOWN	13410	20:45	ENDS	19.38	19:40	Daily
13413	Mon, Thu, Sat	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	*Farakka Express*	BATHINDA- MALDA TOWN	13414	09:50	10.00	08.55	09.00	Wed, Sat, Mon
13415	Wed, Fri, Sun	START	20:15	20.47	20.49	MALDA TOWN-PATNA	*Express*	PATNA- MALDA TOWN	13416	07:50	ENDS	06.26	06.28	Tue, Fri, Sun
13417	Thu	14:25	ENDS	13.35	13.37	DIGHA- MALDA TOWN	*Express*	MALDA TOWN- DIGHA	13418	START	07:45	08.22	08.24	Thu
13421	Mon, Thu	09:30	ENDS	08.45	08.47	NABADWIP DHAM- MALDA TOWN	*Express*	MALDA TOWN- NABADWIP DHAM	13422	START	17:00	17.37	17.39	Mon, Thu
13425	Sat	START	12:55	13.27	13.29	MALDA TOWN-SURAT	*Express*	SURAT- MALDA TOWN	13426	05:45	ENDS	04.43	04.45	Wed
13429	Fri	START	09:30	—	—	MALDA TOWN-ANAND VIHART	*Weekly Express*	ANAND VIHAR- MALDA TOWN	13430	23:30	ENDS	—	—	Sun
13431	Tue, Wed, Fri, Sat, Sun	09.30	09:40	08.45	08.47	NABADWIP-BALURGHAT	*Express*	BALURGHAT-NABADWIP	13432	16.50	17.00	17.37	17.39	Tue, Wed, Fri
13433	Thu	11:00	ENDS	10.00	10.01	BENGALURU-MALDA TOWN	*Amrit Bharat Express*	MALDA TOWN - BENGALURU	13434	START	08.50	09.22	09.23	Sun
13465	Daily	20:30	ENDS	19.26	19.28	HOWRAH- MALDA TOWN	*Intercity Express (Via Azimganj)*	MALDA TOWN-HOWRAH	13466	START	06:05	06.32	06.34	Daily
13483	Sun, Tue, Wed, Fri	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	*Farakka Express*	BATHINDA- MALDA TOWN	13484	09:50	10.00	08.55	09.00	Thu, sat, Sun, Tue
14003	Tue, Sat	START	09:30	10.02	10.07	MALDA TOWN-NEW DELHI	*Express*	NEW DELHI- MALDA TOWN	14004	23:30	ENDS	22.07	22.12	Mon, Fri
15227	Fri	17:05	17:15	—	—	SMVT BENGALURU-MUZAFFARPUR	*Express*	MUZAFFARPUR- SMVT BENGALURU	15228	16:05	16:15	—	—	Mon
15619	Tue	23:15	23:25	22.17	22.19	GAYA-KAMAKHYA	*Express*	KAMAKHYA- GAYA	15620	20:05	20:15	20.47	20.49	Mon
15629	Wed	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-SILGHAT TOWN	*Nagaon Express*	SILGHAT TOWN- TAMBARAM	15630	04:00	04:10	04.42	04.44	Sat
15639	Wed	08:25	08:35	07.38	07.40	PURI- KAMAKHYA	*Express*	KAMAKHYA- PURI	15640	07:35	07:45	08.22	08.24	Mon
15643	Sun	15:00	15:10	13.50	13.52	PURI- KAMAKHYA	*Express*	KAMAKHYA- PURI	15644	13:45	13:55	14.27	14.29	Fri
15647	Sat	23:15	23:25	22.07	22.09	LOKMANYATILAK-GUWAHATI	*Express*	GUWAHATI- LOKMANYATILAK	15648	04:00	04:10	04.42	04.44	Wed
15657	Daily	00:05	00:15	22.41	22.43	DELHI- KAMAKHYA	*Brahmaputra Mail*	KAMAKHYA- DELHI	15658	03:35	03:45	04.17	04.19	Daily
15661	Thu	08:25	08:35	07.38	07.40	RANCHI- KAMAKHYA	*Express*	KAMAKHYA- RANCHI	15662	02:00	02:10	02.42	02.44	Wed
15709	Daily	START	16:50	—	—	MALDA TOWN-NEW JALPAIGURI	*Express*	NEW JALPAIGURI- MALDA TOWN	15710	12:50	ENDS	—	—	Daily
15711	Wed	04:00	04:10	—	—	HOWRAH-KATIHAR	*Express*	KATIHAR- HOWRAH	15712	00:55	01:05	—	—	Tue
15721	Sun	04:00	04:10	—	—	DIGHA- NEW JALPAIGURI	*Paharia Express*	NEW JALPAIGURI- DIGHA	15722	00:55	01:05	—	—	Sat
15733	Mon, Thu, Sat	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	*Farakka Express*	NBATHINDA- BALURGHAT-	15734	09:50	10:00	08.55	09.00	Wed, Fri, Mon
15743	Tue, Wed, Fri, Sun	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	*Farakka Express*	NBATHINDA- BALURGHAT-	15744	09:50	10:00	08.55	09.00	Thu, Sat, Sun, Tue
15929	Sat	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-NEW TINSUKIA	*Express*	NEW TINSUKIA- TAMBARAM	15930	04:00	04:10	04.42	04.44	Tue
15959	Sun, Mon, Wed, Thu, Fri	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	*Kamrup Express*	DIBRUGARH- HOWRAH	15960	21:50	22:00	22.32	22.37	Sun, Tue, Wed, Thu, Sat
15961	Tue, Sat	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	*Kamrup Express*	DIBRUGARH- HOWRAH	15962	21:50	22:00	22.32	22.37	Mon, Fri
20501	Wed	15:00	15:10	—	—	AGARTALA-ANANDVIHAR TERMINAL	*AGTL Tegas Raj Express*	ANANDVIHAR TERMINAL-AGARTALA	20502	16:25	16:35	—	—	Wed
20507	Sat	14:50	15:00	—	—	SAIRANG-ANAND VIHAR TARMINAL	*Rajdhani Express*	ANAND VIHAR TARMINAL-SAIRANG	20508	—	—	16:15	16:25	Mon
22301	Daily except Wed	10:32	10:35	—	—	HOWRAH- NEW JALPAIGURI	*Vande Bharat Express*	NEW JALPAIGURI- HOWRAH	22302	17:55	17:58	—	—	Daily Except Wed
22501	Wed	17:05	17:15	—	—	SMVT BENGALURU- NEW TINSUKIA	*SF Express*	NEW TINSUKIA- SMVT BENGALURU	22502	18:50	19:00	—	—	Sat
22503	Sat, Tue	20:05	20:15	—	—	KANYAKUMARI-DIBRUGARH	*Vivek Express*	DIBRUGARH- KANYAKUMARI	22504	19:45	19:55	—	—	Wed, Sun
22511	Thu	01:10	01:20	—	—	LOKMANYATILAK-KAMAKHYA	*Karmabhoomi SF*	ExpressKAMAKHYA- LOKMANYATILAK	22512	07:35	07:45	—	—	Sun
22611	Thu	23:15	23:25	—	—	MAS CHENNAI CENTRAL- NEW JALPAIGURI	*SF Express*	NEW JALPAIGURI- MAS CHENNAI CENTRAL	22612	02:00	02:10	—	—	Sat
27575	Daily	22:50	23:00	21:48	21:50	HOWRAH-KAMAKHYA	*Vande Bharat Sleeper Express*	KAMAKHYA-HOWRAH	27576	04:05	04:07	03.25	03.35	Daily

Passenger Trains

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
03767	Daily	08:55	ENDS	07.59	08.01	SAHIBGANJ- MALDA TOWN	*Passenger*	MALDA TOWN- SAHIBGANJ	03768	START	16:30	17.21	17.23	Daily
05421	Daily	START	07:00	—	—	MALDA TOWN-BALURGHAT	*Passenger*	BALURGHAT - MALDA TOWN	05422	20:45	ENDS	—	—	Daily
05701	Daily	START	08:00	—	—	MALDA TOWN-KATIHAR	*Passenger*	KATIHAR - MALDA TOWN	05702	18:30	ENDS	—	—	Daily
05771	Daily	START	17:30	—	—	MALDA COURT-KATIHAR	*Passenger*	KATIHAR - MALDA COURT	05772	09:45	ENDS	—	—	Daily
07519	Daily	START	06:30	—	—	MALDA COURT-SILIGURI JN.	*Passenger*	SILIGURI JN. - MALDA COURT	07520	18:15	ENDS	—	—	Daily
53027	Daily	19:45	ENDS	18.18	18.20	AZIMGANJ- MALDA TOWN	*Passenger*	MALDA TOWN- AZIMGANJ	53028	START	07:10	07.58	08.02	Daily

Publish, Printed & Copyright reserved by Mass Media. ● Source : **https://enquiry.indianrail.gov.in/mntes/**

নারী স্বাস্থ্যসেবায় এক নতুন যুগ
Pulse Clinic, মালদা শহরে

নারী স্বাস্থ্য বিষয়ে অভিজ্ঞতা এবং আধুনিক প্রযুক্তি দুটোই জরুরি।

আর তাই আমরা নিয়ে এসেছি সেরাটি —

ডাঃ সুদীপ রঞ্জন পাল

(ডাঃ এস. আর. পাল)-কে।

একজন চিকিৎসক যিনি গাইনোকোলজিতে মেধা, শিক্ষকতা এবং প্রযুক্তির অসাধারণ এক সমন্বয়।

ডাঃ সুদীপ রঞ্জন পাল

সম্পর্কে সংক্ষেপে জানুন

এম.বি.বি.এস., এম.এস. (গাইনোকোলজি)

বিশুদ্ধ ক্লিনিক্যাল দক্ষতা ও দীর্ঘ অভিজ্ঞতা

অ্যাসিস্ট্যান্ট প্রফেসার

মালদা মেডিক্যাল কলেজ

যিনি আগামী দিনের ডাক্তার তৈরি করছেন

গিনিস ওয়ার্ল্ড রেকর্ড হোল্ডার কৃত্রিম বুদ্ধিমত্তায় (Artificial Intelligence)

যা পরিচালিত হয়েছে NBEMS, ভারত সরকার দ্বারা।

যা গাইনোকোলজির সঙ্গে AI-এর অসাধারণ এক মিলন।

ডাঃ পাল শুধু একজন চিকিৎসক নন — তিনি একটি প্রতিষ্ঠান। AI-ভিত্তিক জ্ঞান এবং ক্লিনিক্যাল দক্ষতার মিশ্রণে তিনি প্রতিটি রোগীকে দেন সঠিক, আধুনিক এবং মানবিক চিকিৎসা।

পালস ক্লিনিকে যা পাচ্ছেন

প্রতিদিন গাইনোকোলজি কনসালটেশন

বয়ঃসন্ধি থেকে মেনোপজ, প্রেগন্যান্সি কেয়ার থেকে গাইনোকোলজিক সার্জারি সবকিছু এক ছাদের নিচে।

সব ধরণের ব্লাড টেস্ট

পূর্ণাঙ্গ প্যাথলজিক্যাল টেস্ট

পালস ক্লিনিকেই আছে

সম্পূর্ণ সজ্জিত ডায়াগনস্টিক ল্যাব দ্রুত, নির্ভুল ও সাশ্রয়ী মূল্যে।

ঠিকানা

পালসক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার,

দ্বিতীয় তল (লিফ্‌টের ব্যবস্থা আছে), নর্থ বেঙ্গল নার্সিং হোমের বিপরীতে, কে. জে. সান্যাল রোড, ইংরেজবাজার, মালদা, পশ্চিমবঙ্গ - ৭৩২১০১

কনে বিদায়

মানুষকে গিল্টি-ফিল করানোর জন্য পৃথিবীতে যত পদ্ধতি আছে, তাদের মধ্যে একেবারে এক নম্বরে থাকবে কনে বিদায়ের দিনের রিচুয়ালগুলো।

বাসি-বিয়ে হতে না হতেই মেয়ের বাড়ির সবার একসঙ্গে মুড সুইং! এই তো একটু আগেই সকালে যে তন্বী, "জিজু, দশ হাজার শয্যতুলনীর চেয়ে এক পয়সা কম হবে না" বলে নাচছিল, সেও মুখ মরাল-এস্টিম তখন একেবারে তলায়। এরপরেই সেই ভয়ানক প্রশ্ন, "তোমরা কখন যাবে বাবা?"

আজ অবধি কোনও বরকে আমি স্মার্টলি এটার উত্তর দিতে দেখিনি। বেশিরভাগই তুতলিয়ে বলে, "ওই আপনারা যেমন বলেন আর কী। মানে তাড়াতাড়ি বেরলে ভালো হত কি না! বাবাকে জিজ্ঞাসা করব?"



কৌশিক মজুমদারের

কেলেঙ্কারি

গোমড়াপানা করে এমনভাবে তাকাবে, যেন কোনও পোটেনশিয়াল কিডন্যাপার বাড়িতে ঢুকে পড়েছে! বরের যে বন্ধুরা গতকাল রাতেও "চিন্তা নেই। আমরা আছি" বলে সঙ্গে থেকেছিল, তাদের একটাকেও দেখা যাচ্ছে না। সঙ্গে বউয়ের কয়েকপিস তুতো বোনও সকাল থেকে মিসিং।

সদ্য বিয়ে করা বউ মাঝেমাঝেই আকাশের দিকে তাকাচ্ছে আর চোখের জল ফেলছে। জিজ্ঞেস করতে গেলে বলছে, "তোমরা বুঝবে না।" কিছুই না বুঝে তোম্বা মেরে বসে থাকার সেই শুরু। এটা বাকি বিবাহিত জীবন কন্টিনিউ করবে। শালারা এমন হাবভাব করছে, মুখ দেখলেই মনে হচ্ছে কেন 'শালা' শব্দটা গালাগালি হিসেবে ব্যবহার করা হয়।

ভালোর মধ্যে একমাত্র মেয়ের বউদি-স্থানীয়রা। তারা বেশ খুশি হয়ে গল্প জমাচ্ছে। অনেকদিন তাদের এত খুশি দেখা যায়নি। এই খুশির কারণ আপনি তখন না-বুঝলেও পরে বোঝার সমূহ-সম্ভাবনা। মাঝেমাঝেই শ্বশুর এসে "বাবা কিছু অসুবিধে হচ্ছে না তো?" বলে জিজ্ঞেস করে যাচ্ছেন। এই প্রশ্নের একটাই উত্তর, "না"। কারণ, "হ্যাঁ" বললে উত্তর আসবে, "কী আর করবে, একটু মানিয়ে গুছিয়ে নাও। তুমি তো আজ থেকে এই বাড়িরই ছেলে।" শাশুড়ি এসে লুচি আর আলুর তরকারি প্লেটে বেড়ে দিচ্ছেন। সঙ্গে একপিস রসগোল্লা আর বেশ খানিকটা দীর্ঘশ্বাস। বরের

"তুমি বিয়ে করছ, বড় হয়েছ। এখন সব কথা কি বাবাকে জিজ্ঞেস করলে চলে?"

খানিকবাদে কড়ি-খেলা ইত্যাদিতে একটু হাঁফ ছাড়তে না ছাড়তে একত্রে মাথায় জল ঢেলে স্নান। নতুন বউ ততক্ষণে রোরুদ্যমানা! তার দেখাদেখি বাড়ির সবাই কাঁদছে। একমাত্র বর ছাড়া। সে খুব সিরিয়াস মুখ করে বসে রয়েছে, যেন জয়েন্টের রেজাল্ট বেরবে!

এরপরেই সেই ভয়ানক কাজ। মেয়ের বিদায়। অন্যদের কথা জানি না, আমার অন্তত মনে হয়েছিল এত মানুষ কাঁদছে, কেউ দাঁড়িয়ে, কেউ বসে, কেউ শুয়ে পড়ে, কেউ হাঁটতে হাঁটতে, কেউ মুখে আঁচল-চাপা দিয়ে, কেউ হাউহাউ করে, কেউ চোখের জলের সঙ্গে নাকের জল মিশিয়ে... এত কিছুর আসল কারণ আমি! মানে আমিই তো!

এক কোণে মাথা নিচু করে দাঁড়িয়ে আছি। হাতে দর্পণ। সঙ্গে কলাগাছের ঘাড় মটকে গিয়েছে। আমিই আগে গাড়িতে গিয়ে বসলাম। বউকে ধরাধরি করে উঠিয়ে দিল তিন-চারজন। সে সিট থেকে পিছলে পড়ে যায়, আর কি!

সমবেত কান্নার রোল উঠল পিছনে। গাড়ি এগিয়ে গেল।

আধা কিলোমিটারও যাইনি। বউ দেখি স্পষ্ট গলায় ড্রাইভারকে বলছে, "কাকু বাঁ-দিকের গলিটা নেবেন। শর্টকাট হবে।"

জানেন কি, পাকিস্তানে এখন বিয়েতে একটাই পদ, বাজার বন্ধ রাত ন'টায়, রাস্তায় সরকারি গাড়ি অর্ধেক? মধ্যপ্রাচ্যের যুদ্ধ একটা দেশকে ঠেলে দিয়েছে প্রায় লকডাউনের দোরগোড়ায়। পেট্রল লিটারপ্রতি প্রায় চারশো টাকা, অথচ প্রশ্ন থেকেই যাচ্ছে, এটা কি শুধু আন্তর্জাতিক বাজারের ধাক্কা, নাকি বহু বছরের ইকোনমিক দুর্বলতাই আজ প্রকট হয়ে বেরিয়ে আসছে।

আর ঠিক তখনই বাংলাদেশেও আঁধার নামছে, লোডশেডিং এ জেরবার গোটা দেশ, হাসপাতালে টর্চ জ্বেলে চিকিৎসা, কারখানায় তালা। প্রশ্ন একটাই, বাংলাদেশও কি হাঁটছে পাকিস্তানের সেই পথেই?

চীনের সাথে বন্ধুত্বই কি পাকিস্তানকে শেষ করল? সিপেক থেকে এক ডলার আয় নেই, অথচ বিলিয়ন বিলিয়ন ডলারের ঋণের বোঝা।
জিওপালস টিভিতে, সাংবাদিক রিঙ্কি মজুমদারের সাথে এই পডকাস্ট-এ প্রত্যেক বলেই ছয় মারতে হয়েছে। কারণ, টপিকটা বড্ড পছন্দের ছিল।

কেন্দ্রীয় সরকারি

(প্রথম পাতার পর)

এসএসসি সিএইচএসএল পরীক্ষায় জেনারেল ক্যাটিগরিতে বয়সসীমা ১ অগস্ট, ২০২৬ তারিখ অনুযায়ী, ১৮ থেকে ২৭ বছর। প্রার্থীদের জন্ম হতে হবে ২ অগস্ট, ১৯৯১-এর আগে নয়। এবং ১ অগস্ট ২০০৮ এর পরে নয়। জেনারেল ছাড়া অন্যান্যদের সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় আছে।

আবেদনের পদ্ধতি ঃ প্রথমে SSC Official Website-এ গিয়ে ওটিআর (OTR One Time Registration) সম্পন্ন করতে হবে। রেজিস্টেশনের পর লগ ইন করে সিএইচএসএল ২০২৬ পরীক্ষার ফর্মের জন্য আবেদন করতে হবে। অনলাইনে আবেদন ফি জমা দিতে হবে (সাধারণ প্রার্থীদের জন্য ১০০ টাকা, মহিলা ও সংরক্ষিত প্রার্থীদের কোনও ফি লাগে না)।

পরীক্ষার প্যাটার্ন ও সিলেবাস পরীক্ষাটি প্রধানত দুটি ধাপে (টিয়ার ওয়ান এবং টিয়ার টু) হয়। কম্পিউটারে অনলাইন ভিত্তিক পরীক্ষা (CBT) হয়।

টিয়ার ওয়ান - অবজেক্টিভ প্যাটার্নে মোট ১০০টি প্রশ্ন থাকে। প্রতিটি প্রশ্নের মান ২, মোট ২০০ নম্বর, সময় ৩০ মিনিট থাকে। প্রতি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা হয়। ইংরেজি ভাষার প্রশ্নপত্রে ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর আছে। জেনারেল ইন্টেলিজেন্স, রিজনিং-এ ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর, কোয়ান্টিটেটিভ অ্যাস্টিটিউডের মধ্যে গণিতে ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর আছে। এছাড়া জেনারেল অ্যাওয়ারনেসের মধ্যে জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্সে ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর থাকে। প্রতিটি বিষয়ে ১৫ মিনিট করে মোট ৬০ মিনিট সময় থাকবে। এমসিকিউ ধরনের প্রশ্ন থাকবে। প্রতিটি বিষয়ের জন্য ১৫ মিনিটের একটি বিভাগীয় টাইমার থাকবে। প্রার্থীরা অব্যবহৃত সময় এক বিষয় থেকে অন্য বিষয়ে স্থানান্তর করতে পারবেন না। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা হবে। ইংরেজি ভাষার প্রশ্নগুলি ইংরেজিতেই করা হবে। অন্যান্য বিভাগগুলি ইংরেজি, হিন্দি এবং প্রযোজ্য ক্ষেত্রে, অ্যাপ্লিকেশনে নির্বাচিত ভাষায় পাওয়া যাবে।

টিয়ার টু — এই পরীক্ষাটি সেশন-১ এবং সেশন-২-এ বিভক্ত। সেশন-১-এর মধ্যে রয়েছে তিনটি সেকশন। সেকশন একে আছে গণিত ও রিজনিং (মডিউল ১ ও ২)। এখানে প্রতিটি প্রশ্নপত্রে ৩০ মিনিট করে মোট ৬০ মিনিট। ৬০টি প্রশ্নে ১৮০ নম্বর আছে। সেকশন দুইয়ে আছে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন এবং জেনারেল অ্যাওয়ারনেস (জিএ)। ইংলিশে ৪০ মিনিট ও জিএ-তে ২০ মিনিট, মোট ৬০ মিনিট আছে। ৬০টি প্রশ্নে রয়েছে ১৮০ নম্বর। সেকশন তিনে রয়েছে কম্পিউটার নলেজ টেস্ট। সময়সীমা ১৫ মিনিট, ১৫টি প্রশ্নে রয়েছে ৪৫ নম্বর। সেশন- ২- রয়েছে স্কিল ও টাইপিং টেস্ট। ডেটা এন্টি অপারেটরদের জন্য স্কিল টেস্ট। লোয়ার ডিভিশন ক্লার্ক, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের জন্য টাইপিং টেস্ট হবে ইংরেজি বা হিন্দি ভাষায়।

প্রস্তুতির কৌশল পরীক্ষায় সফল হতে গেলে সিলেবাস সম্পূর্ণ করা দরকার। দশম ও দ্বাদশ শ্রেণির লেভেলের গণিত, ইংরেজি ও ব্যাকরণের ভিত্তি মজবুত করতে হবে। প্রতিদিন রিজনিং ও গণিতের শর্টকাট পদ্ধতি প্র্যাকটিস করাটা জরুরি। কারেন্ট অ্যাফেয়ার্সে বেশি নম্বর পেতে হলে নানা ঘটনার সময়, সাল, তারিখ-সহ নোট লিখে সব মনে রাখতে হবে। জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনাবলি নিয়মিত পড়তে হবে। পরীক্ষার গতি ও নির্ভুল উত্তর দেওয়ার দক্ষতা বৃদ্ধি করতে অনলাইন মক টেস্ট দেওয়ার অনুশীলন করুন। বিগত বছরের প্রশ্নপত্রগুলির সমাধান করলে পরীক্ষার প্যাটার্ন সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া যায়।

প্রয়োজনীয় বই ঃ পরীক্ষায় সফল হতে উল্লেখিত বইগুলি পড়তে পারেন। Quantitative Aptitude for Competitive Examinations - RS. Aggarwal, Advance Maths - Rakesh Yadav – SSC Mathematics ŒKiran Publication)। ইংরেজির জন্য Objective General English - S.P. Bakshi Plinth to Paramount — Neeta Singh. রিজনিং-এর জন্য পড়তে পারেন A Modem Approach to Verbal & Non Verbal Reasoning R.S. Aggarwal বা Arihant পাবলিকেশনের বই। জেনারেল অ্যাওয়ারনেসে নম্বর পেতে পড়তে পারেন Lucents General Knowledge এবং যে কোনও ভালো মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স ম্যাগাজিন। যাঁরা প্রথমবার এই ধরনের চাকরির পরীক্ষা দিচ্ছেন তাঁরা কম্পিউটার ভিত্তিক পরীক্ষা দেওয়ার আগে নম্বর পাওয়ার কৌশল, টাইম ম্যানেজমেন্ট এবং নেগেটিভ মার্কিং এড়ানোর উপায়গুলি ভালো করে জেনে বুঝে নেবেন। প্রতিটি প্রশ্ন ভাল ভাবে পড়বেন এবং সতর্ক হয়ে উত্তর দেবেন। আন্দাজে মনগড়া উত্তর দেবেন না। এসএসসি সিএইচএসএল হলো দ্বাদশ শ্রেণি উত্তীর্ণ প্রার্থীদের জন্য কেন্দ্রীয় সরকারি চাকরিতে নিয়োগের একটি দারুণ সুযোগ। এই সুযোগের সদ্ব্যবহার করুন।

তথ্য সহায়তা এ ইউ লার্নিং সেন্টার

গ্রামীণ ব্যাঙ্কে ১৩,৭০৬ জন অফিসার ও ক্লার্ক নিয়োগ শীঘ্রই

ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলিতে নিয়োগের জন্য - ২০২৬ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই বিজ্ঞপ্তিতে ঠিক কী বলা হয়েছে তা নিয়েই এবারের প্রতিবেদন গ্রামীণ ব্যাঙ্কে অফিসার ও ক্লার্ক পদের নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে অফিস অ্যাসিস্ট্যান্ট (ক্লার্ক) এবং অফিসার স্কেল- মোট ১৩,৭০৬টি শূন্যপদ ঘোষণা করা হয়েছে। গ্রামীণ ব্যাঙে নিজের কেরিয়ার গড়ার এটি একটি চমৎকার সুযোগ। এই পরীক্ষার নোটিফিকেশন, আবেদন প্রক্রিয়া, সিলেবাস এবং প্রস্তুতির কৌশল সম্পর্কে আলোচনা করা হলো।

গুরুত্বপূর্ণ সময় ও তারিখ ঃ অনলাইন আবেদন ও ফি জমা ফি জমা দেওয়ার প্রক্রিয়া শুরু হচ্ছে ১ সেপ্টেম্বর, শেষ হচ্ছে ২১ সেপ্টেম্বর। অফিসার স্কেল-১ প্রিলিমস পরীক্ষা হবে ২১ ও ২২ নভেম্বর। অফিস অ্যাসিস্ট্যান্ট প্রিলিমস পরীক্ষাটি হবে ৬, ১২৩ ১৩ ডিসেম্বর। প্রবেশনারি অফিসার পদে মেন পরীক্ষা হবে ২০ ডিসেম্বর। ক্লার্ক পদের জন্য মেন পরীক্ষা হবে আগামী বছরের ৩০ জানুয়ারি।

আবেদন ফি এসসি, এসটি, বিশেষ ভাবে সক্ষম প্রার্থীদের জন্য ১৭৫ টাকা। সাধারণ, ওবিসি এবং আর্থিকভাবে দুর্বল প্রার্থীদের জন্য ৮৫০ টাকা।

আইবিপিএস আরআরবি ২০২৬ পরীক্ষার ধরন প্রিলিমস পরীক্ষা অফিস অ্যাসিস্ট্যান্ট এবং অফিসার জেল-১ এর জন্য, স্কেল-১-এ তিনটি পর্যায়ের পরীক্ষা থাকবে, যেমন প্রিলিমস, মেন এবং ইন্টারভিউ। অফিস অ্যাসিস্ট্যান্ট এবং অফিসার স্কেল-১, দুটির ক্ষেত্রেই প্রিলিমিনারি পরীক্ষায় রিজনিং-এ ৪০ টি প্রশ্নের জন্য ৪০ নম্বর, সময় ২৫ মিনিট থাকবে। নিউমেরিক্যাল এবিলিটিতে ৪০টি প্রশ্নের জন্য থাকবে ৪০ নম্বর, সময় ২০ মিনিট, অর্থাৎ মোট ৮০ টি প্রশ্নের জন্য ৮০ নম্বর এবং সময় ৪৫ মিনিট থাকবে।

মেন পরীক্ষা মেন পরীক্ষা মোট ২০০ নম্বরের হয় এবং এর জন্য ২ ঘন্টা (১২০ মিনিট) সময় পাওয়া যায়। রিজনিং এবিলিটি ৪০টি প্রশ্নে ৫০ নম্বর, নিউমেরিক্যাল এবিলিটিতে ৪০টি প্রশ্নে ৫০ নম্বর, জেনারেল অ্যাওয়ারনেসে ৪০টি প্রশ্নে ৪০ নম্বর, ইংরেজি অথবা হিন্দি ভাষায় ৪০ টি প্রশ্নে ৪০ নম্বর, কম্পিউটার সংক্রান্ত জ্ঞানে ৪০টি প্রশ্নে ২০ নম্বর, অর্থাৎ মোট ২০০টি প্রশ্নে ২০০ নম্বর থাকবে, সমূহ ২ ঘন্টা।

পরীক্ষার সিলেবাস ঃ রিজনিং বিভাগে পড়তে হবে পাড়লস, সিটিং অ্যারেঞ্জমেন্ট, সিললিজম, ইনইকুয়ালিটি, ব্লাড রিলেশন, কোডিং-ডিকোডিং। কোয়ান্টেটেটিভ অ্যাপটিটিউডে প্রস্তুতির জন্য পড়তে হবে সিমপ্লিফিকেশন (ক্লার্ক পদের জন্য বেশি গুরুত্বপূর্ণ), নম্বর সিরিজ, দ্বিঘাত সমীকরণ ডেটা ইন্টার-প্রিটেশন (ঙ্গজ্জ) এবং পাটিগণিত। জেনারেল অ্যাওয়ারনেসের জন্য পড়তে হবে বিগত ছয় মাসের কারেন্ট অ্যাফেয়ার্স, ব্যাঙ্কিং ও ফাইন্যান্সিয়াল অ্যাওয়ারনেস, স্ট্যাটিক জিকে।

প্রস্তুতির কার্যকরী কৌশল ঃ পরীক্ষায় সফল হতে গেলে এই ৬০ দিনের পরিকল্পনাটি অনুসরণ করতে পারেন। প্রথমে বেসিক লেভেল মজবুত করুন। প্রথম ২০-২৫ দিন রিজনিং ও কোয়াস্টের প্রতিটি অধ্যায়ের মৌলিক নিয়ম ও শর্টকাট ট্রিকস শিখুন। বিশেষ করে পাড়ল ও ডিআই-এর ওপর প্রতিদিন জোর দিন। হিসেব করার গতি বাড়ান। প্রতিদিন সকালে ১৫-২০ মিনিট নামতা, বর্গ, ঘনক এবং ভগ্নাংশের মান মনে করার অভ্যাস করুন। এটি সিমপ্লিফিকেশন ও ডিআই -তে সময় বাঁচাবে। নিয়মিত মক টেস্ট দিন ও অ্যানালিসিস করার পর্বটি শক্ত করুন। সিলেবাসের ৭০ শতাংশ শেষ হওয়ার পর থেকেই প্রিলিমস পরীক্ষার জন্য সপ্তাহে অন্তত দুটি করে মক টেস্ট দেওয়া শুরু করুন। পরীক্ষা দেওয়ার চেয়েও গুরুত্বপূর্ণ হলো মক টেস্টের ভুলগুলো বিশ্লেষণ করা। মেন পরীক্ষার সাধারণ জ্ঞানের জন্য শেষ মুহূর্তের অপেক্ষায় না থেকে, আজ থেকেই প্রতিদিন ৩০ মিনিট করে কারেন্ট অ্যাফেয়ার্স মোট করুন বা কোনও নির্ভরযোগ্য অ্যাপ থেকে পতুন। শেষ মুহূর্তের জন্য এটি ফেলে রাখবেন না।

স্থানীয় ভাষায় পারদর্শিতা মনে রাখবেন, গ্রামীণ ব্যাঙ্কের চূড়ান্ত সিলেকশনের জন্য আপনার রাজ্যের স্থানীয় ভাষায় (যেমন পশ্চিমবঙ্গের জন্য বাংলা) পারদর্শিতা থাকা বাধ্যতামূলক। রিজনিং এর জন্য পালস ও গণিতের ডিআই-এ নম্বর পেতে দৈনিক অনুশীলন করুন। পরীক্ষায় রিজনিং এবং কোয়ান্ট বিভাগে সিংহ ভাগ নম্বর থাকে পাজলস এবং ডেটা ইন্টারপ্রিটেশন (ডিআই) থেকে। প্রতিদিন অন্তত ৪-৫টি ভিন্ন ধরণের পাজলস এবং ডিআই সেট সমাধান করার অভ্যাস করুন। কম্পিউটার বিষয়ের মৌলিক ধারণাগুলি (যেমন-শর্টকার্ট কি জেনারেশন, মেমোরি) ভালো করে জানুন। (এরপর ৩-এর পাতায়)